## কর্মসূচির নাম ঃ ''জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ'' কর্মসূচি

**পটভূমি ঃ** নারী পুরুষের সমতা আনয়ন এবং নারীর ক্ষমতায়ন তরান্বিত করাই মহিলা বিষয়ক অধিদপ্তরের মূল উদ্দেশ্য। জাতীয় উন্নয়ন প্রচেষ্টার মূল ধারায় নারীদের সম্পৃক্তকরণ ও নারীর সার্বিক ক্ষমতায়ন নিশ্চিত করা সুষম উন্নয়নের একটি অপরিহার্য পূর্বশর্ত। নারী উন্নয়নের ধারাকে ব্যাপকভাবে গতিশীল করার নিমিত্ত মহিলা বিষয়ক অধিদপ্তর রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় দেশের শিক্ষিত, স্বল্প শিক্ষিত, দুঃস্থ ও অসহায় মহিলাদের স্বাবলম্বী করে গড়ে তোলার লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এ লক্ষে স্থানীয় পর্যায়ে নারীর দক্ষতা বৃদ্ধি, আত্নকর্মস্থানের সুযোগ সৃষ্টি, অর্থনৈতিক কর্মকান্ডে নারীর অংশগ্রণ নিশ্চিত করা এবং দক্ষ মানব সম্পদরূপে গড়ে তোলার জন্য নানাবিধ কার্যকম পরিচালিত হচ্ছে।

মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে জুলাই ২০১০ তারিখ হতে জুন ২০১৪ মেয়াদে দেশের সকল জেলা সদরে ''জেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) সমূহের প্রশিক্ষণ কার্যক্রম উন্নয়ন'' শীর্ষক সরকারের অর্থায়নে সমাপ্ত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতার আলকে সকল জেলা সদরে রাজস্ব বাজেটের আওতায় ''জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ' কর্মসূচী শীর্ষক একটি কর্মসূচি অব্যাহত রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**কর্মসূচির উদ্দেশ্য ঃ** মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রশিক্ষণ কার্যক্রম উন্নয়ন ও বৃত্তিমূলক আধুনিক প্রশিক্ষণের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের (১৬-৪৫ বছর) দক্ষতা বৃদ্ধিকরণের লক্ষ্যে ৬৪টি জেলা কার্যালয়ের বিদ্যমান মহিলা প্রশিক্ষণ কেন্দ্র গুলোতে আধুনিক এবং যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা এ কর্মসূচির মূল উদ্দেশ্য।

- আত্ম কর্মসংস্থান অথবা মজুরী ভিত্তিক কর্মসংস্তানের মাধ্যমে সম্মানজনক জীবিকায়ন নিশ্চিত করে মহিলাদের পরিবার ও সমাজের কার্যকর ক্ষমতায়ন নিশ্চিতকরণঃ ;
- প্রশিক্ষনার্থীদের জীবিকা অর্জনের জন্য যুগোপযোগি, প্রয়োগমুখী ও বাজার চাহিদা ভিত্তিক মান সম্মত প্রশিক্ষণ প্রদান ;
- অল্প সময়ে অধিক ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান ;
- বিভিন্ন সেবামূলক ও দক্ষতা ভিত্তিক পেশায় জেন্ডার সমতা আনয়ন।

**কর্মসূচি বাস্তবায়ন এলাকা ঃ** ৬৪টি জেলা সদর।

বাস্তবায়ন কৌশল ঃ

- নির্ধারিত সময়েরা পর পর স্ব-কর্মসংস্থান ও মজুরী ভিত্তিক কর্মসংস্থানমূখী বাজার চাহিদা ভিত্তিক দক্ষতা (ট্রেড) নির্বাচন ;
- দক্ষতা (ট্রেড) ভিত্তিক প্রশিক্ষণ কার্যকরভাবে প্রদানের জন্য উপযুক্ত, দক্ষ ও মান সম্পন্ন প্রশিক্ষক ব্যবস্থাকরণ ;
- দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য উপযুক্ত যন্ত্রপাতি, কাঁচামাল, প্রশিক্ষনার্থীদের ভাতাসহ সকলভৌত অবকাঠামোর ব্যবস্থা করা ;

প্রতিটি জেলা কার্যালয়ে বিদ্যমান মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের জন্য স্থানীয় চাহিদার ভিত্তিতে স্থানীয় কমিটির মাধ্যমে কমপক্ষে ৫টি ট্রেড নির্বাচন করতে হবে। এ জন্য ৫টি ট্রেডের অনুকূলে চুক্তিভিত্তিক মাসিক ৮,০০০/- টাকা বেতনে ৫ জন প্রশিক্ষক নির্বাচন করতে হবে। স্থানীয় প্রশিক্ষক ও প্রশিক্ষনার্থী নির্বাচন কমিটি নিম্নরূপ ঃ

**স্থানীয় পর্যায়ে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত জেলা প্রশাসক অথবা জেলা প্রশাসক কর্তৃক মনোনীত প্রতিনিধি | সভাপতি |
| ২। | উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর | সদস্য |
| ৩। | উপ-পরিচালক ,যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৪। | ১ জন এনজিও প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫। | প্রোগ্রাম অফিসার, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | সদস্য |
| ৬। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য- সচিব |

জেবুন নাহার বেলা
কর্মসূচি পরিচালক
''জীবিকায়নের জন্য মহিলাদের
দক্ষতা ভিত্তিক প্রশিক্ষন কর্মসূচি
মহিলা বিষয়ক অধিদপ্তর ঢাকা।

সহকারী সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**কমিটির কার্যপরিধি ঃ**

ক) কমিটি স্থানীয়ভাবে প্রশিক্ষক, প্রশিক্ষনার্থী ও স্থানীয় চাহিদার ভিত্তিতে ট্রেড নির্বাচন করবে ( বৎসরে ন্যূনতম ৪ বার) ।

খ) সমস্যা সমাধানের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) নিকট সুপারিশ প্রেরন করবেন ।

গ) এই কমিটির প্রত্যেক সদস্য প্রত্যেক সভায় উপস্থিতির জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে সম্মানী ভাতা পাবেন ।

২) নির্বাচিত ট্রেডের অনুকূলে স্থানীয় কমিটি কর্তৃক মাসিক চুক্তিভিত্তিক প্রশিক্ষক নিয়োগ করতে হবে । বয়স সীমা ১৮-৩৫ বছর । এক্ষেত্রে স্থানীয় পত্রিকায় নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার এবং জেলা/উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর, প্রশিক্ষণ কেন্দ্র, নিবন্ধিত এনজিও এবং অন্যান্য অফিস সমূহ ও জনবহুল এলাকায় নোটিশ প্রদর্শন করতে হবে ।

৩) প্রতিটি ব্যাচে প্রতি ট্রেডে ১০ জন করে ৫টি ট্রেডে ৫০ জন প্রশিক্ষনার্থী নির্বাচন করতে হবে । বয়স সীমা ১৬-৪৫ বছর ।

৪) প্রশিক্ষণ কার্যক্রম বাস্তাবায়নের জন্য স্থান সংকুলান না হলে প্রয়োজনে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় অপেক্ষাকৃত বড় বাড়িতে স্থানান্তর করতে হবে ।

৫) স্থানীয় চাহিদা অনুযায়ী বৃত্তিমূলক প্রশিক্ষণের পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং জীবন ধারণ ও জীবন দক্ষতা প্রশিক্ষণ, জেন্ডার ইস্যু এবং আইনগত অধিকার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে ।

৬) বিক্রয় কাজকে সহজসাধ্য করার জন্য মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে সমাপ্ত ''জেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) সমূহের প্রশিক্ষণ কার্যক্রম উন্নয়ন'' প্রকল্পের অর্থায়নে স্থাপিত প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রকে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র হিসাবে ব্যাবহার করতে হবে এবং মার্কেটের সাথে লিংকেজ স্থাপন করতে হবে ।

৭) প্রশিক্ষন প্রাপ্ত প্রশিক্ষনার্থীদের ডাটা বেইজ তৈরি করতে হবে ।

৮) প্রশিক্ষণ শেষে স্ব-নির্ভরভাবে কাজ করার সুবিধার্থে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে প্রশিক্ষনার্থীদেরকে ঋণ সুবিধার সাথে সম্পৃক্ত করতে হবে । এছাড়া অন্যান্য ব্যাংক/সংস্থার ঋণের সাথে লিংকেজ করার জন্য জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সার্বিক সহায়তা করবেন । জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত কর্মসূচি বাস্তবায়ন কমিটি বিষয়টি তদারক ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে ।

৯) প্রশিক্ষণের সময় উৎপাদিত পণ্য বিক্রয়পূর্বক বিক্রয়লব্ধ অর্থ সরকারী কোষাগারে জমা দিতে হবে । এত সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে ।

১০) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ সরকারী বিধিবিধান যথাযথভাবে অনুসরণ পূর্বক স্থানীয় বিদ্যমান টেন্ডার কমিটির মাধ্যমে সরকারী বিধি বিধান যথাযথভাবে অনুসরণপুর্বক প্রকিউরমেন্ট রুল ২০০৮ অনুযায়ী যাবতীয় মেশিনারীজ এবং ইকুইপমেন্ট, আসবাবপত্র ও কাঁচামাল ক্রয় করবেন এবং ক্রয় ভাউচার ও নথি রেকর্ড পত্রাদি সংরক্ষণ করবেন । সমম্বিত ভাউচার এবং ব্যয় বিবরণী যথাসময়ে ও নিয়মিত সদর দপ্তরে প্রেরণ করতে হবে ।

১১) উপরোক্ত প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে দক্ষতা অর্জনকারী মহিলা কর্মীগণকে সমিতিতে সংগঠিত হওয়ার জন্য উৎসাহিত করতে হবে । এ ক্ষেত্রে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করবেন ।

১২) এই কর্মসূচিটি সরাসরি সরকারের দারিদ্র বিমোচন নীতির সাথে সম্পৃক্ত । এ ছাড়া এই কমৃসূচির উদ্দেশ্য সমূহ দেশের দরিদ্র,অনগ্রসর, অশিক্ষিত এবং স্বল্পশিক্ষিত নারীর স্ব-কর্ম সংস্থানের মাধ্যমে পি.আর.এস.পি এবং এম.ডি.জি এর লক্ষে বাস্তবায়িত হবে ।

জেবুন নাহার বেলা
কর্মসূচি পরিচালক
''জীবিকায়নের জন্য মহিলাদের
দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

২৩.৭.২০১৪
হাসিনা আক্তার খানম
সহকারী সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## ষ্টিয়ারিং কমিটিঃ

কর্মসূচী বাস্তবায়নে নীতি নির্ধারণ ও দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে একটি ষ্টিয়ারিং কমিটি গঠিত হবে। মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

| | | |
|---|---|---|
| ১. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ৩. | মহাপরিচালক,সমাজ সেবা অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৪. | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৫. | উপ সচিব (বাজেট ও অডিট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ৬. | প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (উপ-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা)। | সদস্য |
| ৭. | প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (উপ সচিব পর্যায়ের একজন কর্মকর্তা)। | সদস্য |
| ৮. | সিনিয়র সহকারী সচিব (বাজেট-৯), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ৯. | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ), মহিলা বিয়য়ক অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ১০. | কর্মসূচি পরিচালক, ''জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ' কর্মসূচি, মবিঅ, ঢাকা। | সদস্য |
| ১১. | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। | সদস্য - সচিব |

বিঃ দ্রঃ কমিটি প্রয়োজনে সদস্য কো- অপ্ট করতে পারবেন।

## ষ্টিয়ারিং কমিটির কার্যপরিধি ঃ

ক. কর্মসূচির নীতি নির্ধারণ, নীতিমালা প্রনয়ণ, বাস্তবায়নে দিক নির্দেশনা প্রদান ;
খ. কর্মসূচির সামগ্রিক কর্ম পরিকল্পনা ও বাজেট অনুমোদন ;
গ. কর্মসূচির জন্য একটি মূল্যায়ন টিম গঠন ও বছর ভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা ;
ঘ. ষ্টিয়ারিং কমিটি বছরে কমপক্ষে ২ টি সভায় মিলিত হবে।

## কর্মসূচি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। | সভাপতি |
| ২. | পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৩. | উপসচিব (বাজেট ও অডিট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ৪. | পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৫. | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৬. | কর্মসূচি বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৭. | কর্মসূচি পরিচালক, ''জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ' কর্মসূচি, মবিঅ, ঢাকা। | সদস্য-সচিব |

## কর্মসূচি বাস্তবায়ন ও মনিটরিং কমিটির কার্যপরিধি ঃ

১. কর্মসূচির সামগ্রিক অবস্থা মূল্যায়ন (প্রয়োজনে ৬৪ জেলার প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন) ও ষ্টিয়ারিং কমিটিতে প্রতিবেদন উপস্থাপন ;

২. ষ্টিয়ারিং কমিটির নির্দেশনা অনুযায়ী যাবতীয় কার্যাবলী সম্পন্ন করা ;

৩. কমিটি বছরে কমপক্ষে ৩ বার সভায় মিলিত হবে।

জেবুন নাহার বেলা
কর্মসূচি পরিচালক
''জীবিকায়নের জন্য মহিলাদের
দক্ষতা ভিত্তিক প্রশিক্ষন কর্মসূচি''
মহিলা বিষয়ক অধিদপ্তর ঢাকা।

সহকারী সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## ''জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ'' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষক নিয়োগ সংক্রান্ত নির্দেশাবলী ঃ

জেলা পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ''জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ'' কর্মসূচি বাস্তবায়নের জন্য স্থানীয় চাহিদার ভিত্তিতে স্থানীয় নির্বাচন কমিটির মাধ্যমে প্রতি জেলায় নির্বাচত ৫টি ট্রেডের অনুকূলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মাসিক চুক্তি ভিত্তিক ৮,০০০/- (আট হাজার) টাকা সাকুল্য বেতনে ০৫ (পাঁচ) জন প্রশিক্ষক নিয়োগ করতে হবে।

### প্রশিক্ষক নিয়োগ সংক্রান্ত শর্তাবলী ঃ

১। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি পাস হতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে ২ বৎসরের অভিজ্ঞতা অথবা ডিপ্লোমাধারী হতে হবে।

২। প্রার্থীর বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।

৩। সমাপ্ত "জেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) সমূহের প্রশিক্ষণ কার্যক্রম উন্নয়ন" প্রকল্পের দক্ষ ও যোগ্য ট্রেড প্রশিক্ষকগণ অগ্রাধিকার পাবেন।

৪। নিয়োগের ক্ষেত্রে সরকারী সকল বিধি বিধান অনুসরণ করতে হবে।

২৯/৯/২০১৪

জেবুন নাহার বেলা
কর্মসূচি পরিচালক
''জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ'' কর্মসূচি
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।